

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 01-02-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Budget Session-President :

সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের মধ্য দিয়ে গতকাল সংসদের বাজেট অধিবেশন শুরু হয়েছে।

রাষ্ট্রপতি তাঁর ভাষণে বলেছেন, বিশ্বব্যাপী অস্থিতিশীলতার মধ্যে, ভারত অর্থনৈতিক, সামাজিক এবং রাজনৈতিক স্থিতিশীলতার স্তম্ভ হিসাবে আবির্ভূত হয়ে বিশ্বের কাছে একটি উদাহরণ স্থাপন করেছে।

তিনি আরো বলেন, সরকার কৃষকদের আয় দ্বিগুণ এবং কৃষিজাত পণ্যের উপযুক্ত দাম দেওয়ার লক্ষ্যে একটি আধুনিক ও স্বনির্ভর কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কাজ করেছে। রাষ্ট্রপতি বলেন, উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের পাশাপাশি সরকার সর্বাত্মক উন্নয়ন নিশ্চিত করতে পূর্বোদয়ের কর্মপরিকল্পনা নিয়ে কাজ শুরু করেছে।

PM বাজেট:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আস্থা প্রকাশ করেছেন যে সংসদের বাজেট অধিবেশন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে নতুন আস্থা ও শক্তি যোগাবে। তিনি বলেন, এটি অত্যন্ত গর্বের বিষয় যে ভারত একটি গণতান্ত্রিক জাতি হিসাবে ৭৫ বছর পূর্ণ করেছে। প্রধানমন্ত্রী বলেন নারী শক্তির মান পুনঃপ্রতিষ্ঠিত করতে, এই অধিবেশনে অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হবে।

বাজেট:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন, আজ সংসদে ২০২৫-২০২৬-অর্থ বছরের জন্য বাজেট পেশ করবেন।

আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে আজ বাজেট বক্তৃতা সরাসরি সম্প্রচার করা হবে। সকাল ১০ টা বেজে ১০ মিনিট থেকে তা শোনা যাবে। পাশাপাশি বেলা ২ টা ৩০ মিনিটে বাংলা ও ২ টা ৩৫ মিনিটে ককবরকে বাজেট সম্পর্কিত বিশেষ সংবাদ বুলেটিন প্রচার করবে।

North East Institute of Nursing Science-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নের ফলেই বর্তমানে রাজ্যে নিউরো-সার্জারীসহ বিভিন্ন জটিল অপারেশন এবং সফলভাবে কিডনি প্রতিস্থাপনের পর, লিভার সহ বিভিন্ন অঙ্গ প্রতিস্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এরফলে আগামীদিনে রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মান আরও বৃদ্ধি পাবে। গতকাল পশ্চিম জেলার আমতলি বাইপাস সংলগ্ন নর্থ-ইস্ট ইনস্টিটিউট অব নার্সিং সায়েন্সের নতুন অ্যাকাডেমিক ভবন ও ছাত্রীআবাসের উদ্বোধন করে, তিনি একথা বলেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়িকা মীনারাণী সরকার, প্রমুখ।

District level Saras Fair-Gomati :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল সন্ধ্যায় উদয়পুরে চারদিন ব্যাপি গোমতি জেলাভিত্তিক সরস মেলার উদ্বোধন করেন। কে বি আই ময়দানে গোমতি জেলা প্রশাসন আয়োজিত "দিদি

লাখপতি ত্রিপুরার অগ্রগতি” শীর্ষক এই মেলায় ৭৯টি স্টল খোলা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক রঞ্জিত দাস ও জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ ।

Sushanto Choudhury-Sonamura:

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল কবি নজরুল মহাবিদ্যালয়ের নবীন শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন । তিনি বলেন ভবিষ্যত জীবন ভালোভাবে গড়ার জন্য কলেজ জীবন খুবই গুরুত্বপূর্ণ । নেশা থেকে বিরত থাকার জন্য তিনি ছাত্রছাত্রীদের প্রতি আবেদন রাখেন । সোনামুড়া টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তনমন্ত্রী বিল্লাল মিয়া ,সিপাহীজিলা জিলা পরিষদ সদস্য প্রসেনজিৎ ঘোষ প্রমুখ।

Media Workshop :

টিকাকরণ বিষয়ে এক মিডিয়া কর্মশালা গতকাল কৈলাশহরের C M.O অফিসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়।

উপস্থিত ছিলেন, স্বাস্থ্য দপ্তরের জেলা প্রতিষেধক আধিকারিক ডাঃ সন্দীপন ভট্টাচার্য, জেলা আশা নোডাল অফিসার ডাঃ অয়ন রায় প্রমুখ। তাঁরা জানান, ব্যাকটেরিয়া ও ভাইরাসঘটিত সংক্রামক রোগ প্রতিরোধে ঊনকোটি জেলাতে টিকাকরণ চলছে। চলতি অর্থবছরে এখন পর্যন্ত লক্ষ্যমাত্রার ৯৫ শতাংশ সফলতা এসেছে । গতবছর লক্ষ্যমাত্রার ১০০ শতাংশ সফলতা অর্জিত হয়েছিল বলে তাঁরা জানান।

JRBT Offer. :

জে আর বি টি'র মাধ্যমে নির্বাচিত মাল্টি টাস্কিং কর্মীদের আগামী ৫ ফেব্রুয়ারি আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে এক অনুষ্ঠানে অফার দেওয়া হবে। মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে অবর সচিব সৌরভ দাস এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন।

IPFT to finance commission :

ষোড়শ অর্থ কমিশনের সদস্যরা আজ তিন দিনের সফর শেষে রাজ্য ত্যাগ করবেন। এদিকে, গতকাল আইপিএফটির রাজ্য সম্পাদক স্বপন দেববর্মা কৃষ্ণ নগরে দলীয় কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, ষোড়শ অর্থ কমিশনের কাছে দল ৩ দফা দাবি সনদ পেশ করেছে। ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদেও রাজস্ব দপ্তর মতো দপ্তর খোলার জন্য কমিশনের কাছে দাবি জানানো হয়েছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের সহ-সভাপতি প্রদীপ দেববর্মা।

CPIM-Press Meet :

সিপিআইএম এর তিন দিনব্যাপী ২৪তম রাজ্য সম্মেলন গতকাল শেষ হয়েছে। দলের রাজ্য সম্পাদক হিসাবে জিতেন্দ্র চৌধুরী পুনরায় নির্বাচিত হয়েছেন। শ্রী চৌধুরী জানান, এবারের রাজ্য সম্মেলনে ৪১৪ জন প্রতিনিধি অংশ নেন। সম্মেলনে নয়টি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

রঞ্জি ট্রফি :

রঞ্জি ট্রফির চারদিনের খেলা ত্রিপুরার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিতে লড়াই করছে স্বাগতিক মহারাষ্ট্র। গতকাল সোলাপুরের ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে ৫ উইকেটে ২৩০ রান থেকে দ্বিতীয় দিনে ব্যাট করতে নেমে রাজ্যদল ২৭০ রানে প্রথম ইনিংস শেষ

করে। জবাবে খেলতে নেমে মহারাষ্ট্র প্রথম ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ২৩৫ রান সংগ্রহ করে নেয়।

কাজল স্মৃতি ফুটবল:

কাজল স্মৃতি ফুটবল প্রতিযোগিতার গ্রুপের চারটি খেলা আজ অনুষ্ঠিত হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত দুটি খেলায় টাকারজলা স্কুল ৯-০ গোলে অরবিন্দ সংঘকে এবং এম কে পি সি ৭-০ গোলে প্রণবানন্দ বিদ্যামন্দিরকে পরাজিত করে। পরে বিকালের খেলায় আসাম রাইফেলস স্কুল ৩-০ গোলে স্বামী বিবেকানন্দ ক্লাবকে এবং অপর খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৩-০ গোলে টি আই এস এফকে হারিয়ে দেয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৯ ডিগ্রী সেলসিয়াস।
